গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজ অনুবিভাগ

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৪৫৫

তারিখ: ১৮ কার্তিক ১৪৩১ / ০৩ নভেম্বর ২০২৪

২০২৫ সনের হজ প্যাকেজের আলোকে চূড়ান্ত নিবন্ধন বিজ্ঞপ্তি

চূড়ান্ত নিবন্ধনের সময়সীমা ৩০ নভেম্বর ২০২৪ পর্যন্ত	সরকারি মাধ্যমের কোটা (গাইডসহ) ১০,১৯৮ জন	বেসরকারি মাধ্যমের কোটা (গাইডসহ) ১,১৭,০০০ জন

ক্রমিক	মাধ্যম	হজ প্যাকেজের নাম	টাকার পরিমাণ
০১	সরকারি	সাধারণ হজ প্যাকেজ-১	৪,৭৮,২৪২.০০
০২	সরকারি	সাধারণ হজ প্যাকেজ-২	৫,৭৫,৬৮০.০০
০৩	বেসরকারি/এজেন্সি	সাধারণ হজ প্যাকেজে	৪,৮৩,১৫৬.০০

সাধারণ হজ প্যাকেজ-১	সাধারণ হজ প্যাকেজ-২	হজ এজেন্সির সাধারণ হজ প্যাকেজ
মক্কায় বাড়ি/হোটেলের দূরত্ব হারাম শরীফ হতে ৩ কিমি	মক্কায় বাড়ি/হোটেলের দূরত্ব হারাম শরীফ হতে ১৫০০ মিটার	মক্কায় বাড়ি/হোটেলের দূরত্ব হারাম শরীফ হতে ৩ কিমি
মদিনায় মসজিদে নববী হতে বাড়ি/হোটেলের দূরত্ব ১৫০০ মিটার	মদিনায় মার্কাজিয়া এলাকায় হোটেল	মদিনায় মসজিদে নববী হতে বাড়ি/হোটেলের দূরত্ব ১৫০০ মিটার
মিনার জোন-৫ (জামারাহ হতে ৪.৮ কিমি)	মিনার জোন-২ (জামারাহ হতে ২.১ কিমি)	মিনার জোন-৫ (জামারাহ হতে ৪.৮ কিমি)
মিনা-আরাফায় ডি ক্যাটাগরির সার্ভিস	মিনা-আরাফায় ডি ক্যাটাগরির আপগ্রেডেড সার্ভিস	মিনা-আরাফায় ডি ক্যাটাগরির সার্ভিস

সকল প্যাকেজের হজযাত্রী দমে শোকর (কুরবানী) বাবদ ৭৫০ সৌ.রি. আবশ্যিকভাবে সঙ্গে নিবেন এবং নিজ দায়িত্বে কোরবানী করবেন
সরকারি মাধ্যমের সাধারণ হজ প্যাকেজ-১ ও ২ এর হজযাত্রীকে খাবার বাবদ কমপক্ষে ৪০,০০০ টাকার সমপরিমাণ সৌ.রি. সঙ্গে নিতে হবে
বেসরকারি মাধ্যমের হজযাত্রীর নিকট হতে এজেন্সি খাবার বাবদ সাধারণ প্যাকেজে সর্বোচ্চ ৪০,০০০ টাকা এজেন্সি গ্রহণ করতে পারবে।

প্যাকেজ আপগ্রেডেশন

সরকারি মাধ্যমের 'সাধারণ হজ প্যাকেজ-১ ও ২' এ চূড়ান্ত নিবন্ধনকালে প্রদানযোগ্য এবং আপগ্রেডেশনসহ প্রদেয় অর্থের পরিমাণ:

অতিরিক্ত অর্থ প্রদান করে মক্কা ও মদিনার বাড়ি/হোটেলে ২, ৩ এবং ৪ সিটের রুম সুবিধা এবং অতিরিক্ত ১০০০ সৌ.রি. সমপরিমাণ ৩২,৫০০.০০ টাকা প্রদান করে শর্ট প্যাকেজে গমনের সুবিধা গ্রহণ করা যাবে, যা নিম্নরূপ:

সাধারণ হজ প্যাকেজ-১ এর হজযাত্রীদের নিবন্ধনকালীন পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (টাকায়)

ক্রম	প্যাকেজের ধরন	প্যাকেজ মূল্য জনপ্রতি	প্রাথমিক নিবন্ধনের সমন্বয়	প্রাক নিবন্ধন সমন্বয়	চূড়ান্ত নিবন্ধন কালে প্রদেয়	শর্ট প্যাকেজ গ্রহণের ক্ষেত্রে
১	হজ প্যাকেজ-১	৪,৭৮,২৪২.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	১,৪৯,২৪২.০০	১,৮১,৭৪২.০০
২	২ সিটের রুম	৬,১৭,২০০.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	২,৮৮,২০০.০০	৩,২০,৭০০.০০
৩	৩ সিটের রুম	৫,৭০,৮৮০.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	২,৪১,৮৮০.০০	২,৭৪,৩৮০.০০
৪	৪ সিটের রুম	৫,৪৭,৭২০.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	২,১৮,৭২০.০০	২,৫১,২২০.০০

'সাধারণ হজ প্যাকেজ-২' এর হজযাত্রীদের নিবন্ধনকালীন পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (টাকায়)

ক্রম	প্যাকেজের ধরন	প্যাকেজ মূল্য জনপ্রতি	প্রাথমিক নিবন্ধনের সমন্বয়	প্রাক নিবন্ধন সমন্বয়	চূড়ান্ত নিবন্ধন কালে প্রদেয়	শর্ট প্যাকেজ গ্রহণের ক্ষেত্রে
১	হজ প্যাকেজ-২	৫,৭৫,৬৮০.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	২,৪৬,৬৮০.০০	২,৭৯,১৮০.০০
২	২ সিটের রুম	৭,৭০,৪৫৫.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	৪,৪১,৪৫৫.০০	৪,৭৩,৯৫৫.০০
৩	৩ সিটের রুম	৭,০৫,৫৩০.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	৩,৭৬,৫৩০.০০	৪,০৯,০৩০.০০
৪	৪ সিটের রুম	৬,৭৩,০৭০.০০	৩,০০,০০০.০০	২৯,০০০.০০	৩,৪৪,০৭০.০০	৩,৭৬,৫৭০.০০

হজযাত্রী নিবন্ধনের শর্তাবলী:

১. সরকারি মাধ্যমের প্রাক-নিবন্ধিত হজযাত্রী ভাউচার তৈরি করে প্যাকেজ মূল্যের অর্থ সোনালী ব্যাংকে জমা দিয়ে নিবন্ধন সনদ গ্রহণ করবেন
২. প্রাথমিক নিবন্ধিত হজযাত্রী পুনরায় ভাউচার তৈরি না করে প্রাথমিক নিবন্ধন সনদ প্রদর্শন করে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দিবেন
৩. প্যাকেজ নির্বাচন করে চূড়ান্ত নিবন্ধনের টাকা ব্যাংকে জমা প্রদান করবেন
৪. বাড়ি/হোটেলের ২, ৩ বা ৪ সিটের রুম ও শর্ট প্যাকেজে গমনাগমনের জন্য প্যাকেজ আপগ্রেডেশনের সুবিধা গ্রহণ করা যাবে
৫. বেসরকারি মাধ্যমে হজে গমনের জন্য এজেন্সির প্যাকেজ মূল্য সরাসরি এজেন্সির ব্যাংক হিসাবে জমা প্রদান করবেন
৬. নিবন্ধনের জন্য হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ ২০২৫ সালের ১৫ ডিসেম্বর পর্যন্ত থাকতে হবে
৭. নিবন্ধন ভাউচারের অপর পৃষ্ঠায় উল্লিখিত শর্তাবলীর সাথে একমত হলে নিবন্ধন করবেন
৮. নিবন্ধনের পর প্যাকেজ পরিবর্তনের সুযোগ থাকবে না
৯. হজযাত্রী এয়ারলাইন্সের ইকোনোমি ক্লাসে গমনাগমন করবেন
১০. নিবন্ধনের পর হজে না গেলে ব্যয়িত অর্থ কর্তনের পর অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে
১১. হজের খরচ কোন কারণে বৃদ্ধি পেলে তা প্যাকেজ মূল্য হিসেবে গণ্য হবে এবং হজযাত্রীকে পরিশোধ করতে হবে
১২. সৌদি আরবে হুইল চেয়ার ব্যবহারের প্রয়োজন হলে নিজ উদ্যোগে হুইল চেয়ার সংগ্রহ ও ব্যবহার করতে হবে
১৩. হজ সংক্রান্ত যে কোন তথ্য ১৬১৩৬ নম্বরে ফোন করে জানা যাবে

বেসরকারি মাধ্যমে হজযাত্রী নিবন্ধনের অতিরিক্ত শর্তাবলী

১. হজ ও ওমরাহ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত 'সাধারণ হজ প্যাকেজ' গ্রহণপূর্বক উন্নতমানের হোটেল, মিনা-আরাফায় উন্নত জোন ও সার্ভিস গ্রহণের ভিত্তিতে এজেন্সি সর্বোচ্চ ১টি বিশেষ প্যাকেজ ঘোষণা করতে পারবে
২. প্যাকেজ মূল্য ও প্রতিশ্রুত সেবার বিস্তারিত উল্লেখপূর্বক হজ এজেন্সি-হজযাত্রীর সঙ্গে লিখিত চুক্তি করতে হবে
৩. হজে যাওয়ার জন্য প্রতিনিধির পরিবর্তে এজেন্সির মালিকের সঙ্গে সরাসরি আলোচনা করতে হবে
৪. হজের টাকা নগদ জমা না দিয়ে হজ কার্যক্রমে এজেন্সির নির্ধারিত 'ব্যাংক হিসাবে' জমা দিতে হবে

হজে গমনের শর্তাবলী, করণীয় ও হজযাত্রীর সুযোগ-সুবিধা 'হজ প্যাকেজ ও গাইডলাইন-২০২৫' হতে বিস্তারিত জানা যাবে। সরকারি ও বেসরকারি মাধ্যমের পূর্ণাঙ্গ হজ প্যাকেজ www.hajj.gov.bd হতে ডাউনলোড করা যাবে

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হ'ল।

০৩/১১/২০২৪

মো. তফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোন: ৫৫১০০৮৯৯

জি-১৭৫১/২৪ (১৬″x৪)